

নিয়োগ বিজ্ঞপ্তি

কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আস্থায়ী প্রার্থীগণের নিকট হতে নিম্নে বর্ণিত পদে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী সর্বসাকুল্যে	যোগ্যতা
০১	পেশ ইমাম কাম খতিব	০১ জন	১৫,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রী/দাওরায়ে হাদীস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাজ্জিন হিসেবে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।(খ) হাফেজ-ই-কুরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ-ই-কুরআন অধাধিকার পাবে।(গ) আরবীতে সফা ও আরবীতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণার্থী প্রকাশনা অভিবিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১ জন	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম পাশ অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে / মুয়াজ্জিন হিসেবে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।(খ) হাফেজ-ই-কুরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অধাধিকার দেয়া হবে।
০৩	খাদেম	০২ জন	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম পাশ অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে / খাদেম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদন পত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) মোবাইল নম্বর (ঝ) অভিজ্ঞতা উল্লেখ পূর্বক স্ব-হস্তে লিখিত সাদা কাগজে আবেদন করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সমূহ সংযুক্ত করতে হবে।
(ক) পৌরসভা / ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদাজেলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।
(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
(চ) সরকারী হাসপাতাল হতে স্বাস্থ্যসনদের সত্যায়িত কপি।
- নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি বিধান অনুসরণ করা হবে।
- আবেদন পত্র উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী কুড়িগ্রাম বরাবরে আস্থায়ী ২৬/০১/২০২৩ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/ সরাসরি পৌঁছাতে হবে। অসম্পন্ন, ভুলটিয়াক ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।
- আবেদনকারীকে আবেদনের সাথে পেশ ইমাম ও মুয়াজ্জিন পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা, খাদেম পদের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা অফেরত যোগ্য যে কোন তফশিল ভুক্ত ব্যাংক হতে পে-অর্ডার / ব্যাংক ড্রাক উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী কুড়িগ্রাম বরাবরে দাখিল করতে হবে।
- আবেদন বাছাই করে উপযুক্ত প্রার্থীদের পরীক্ষার প্রবেশ পত্র ৩০/০১/২০২৩ হতে ০২/০২/২০২৩ তারিখের মধ্যে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয় হতে সংগ্রহ করতে হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরিক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি, এ/ ডি এ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে বিহীনটি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার/ সুপারিশ প্রার্থীর অযোগ্যতাবলে বিবেচিত হবে।
- আবেদন পত্র সংগ্রহ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



মো: আরিফুর রহমান কনক
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি ফুলবাড়ী কুড়িগ্রাম।